



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।  
[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)

অতি জরুরি  
নির্বাচন অগ্রাধিকার


স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-১০৬৫

তারিখঃ ১৯-০৩-২০২০ খ্রিঃ।

বিষয়ঃ ২১ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ মূলে আসন্নো নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

২১ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ মূলে আসন্নো নির্বাচন আগামী ২১ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত ভোট গ্রহণের দিন এবং তার আগে ও পরের দিনে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য নির্বাচন কমিশনের নির্দেশনায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে পত্র পাওয়া গেছে। উক্ত পত্রের আলোকে যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা এ অথরিটির ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি ০২ (দুই) ফর্দ

  
উপপরিচালক (এনফোর্সমেন্ট)  
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা

✓ জনাব শাহজাহান কবীর  
সহকারী প্রোগ্রামার  
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

অতি জরুরি  
নির্বাচন অগ্রাধিকার

[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫৮.০১১.২০- ২০৬২

তারিখঃ ১৯/০৩/২০২০খ্রিঃ।

### জরুরি বিজ্ঞপ্তি

২১ মার্চ ২০২০ তারিখে একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।

২১ মার্চ ২০২০ তারিখে একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী একাদশ জাতীয় সংসদের একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২০ মার্চ ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২১ মার্চ ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

|                                      |           |  |
|--------------------------------------|-----------|--|
| ১। বেবী ট্যাক্সি/ অটোরিক্সা/ইজি বাইক | ৫। পিক আপ | ৯। টেম্পো  |
| ২। ট্যাক্সি ক্যাব                    | ৬। কার    | ১০। ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| ৩। মাইক্রোবাস                        | ৭। বাস    |  |
| ৪। জীপ                               | ৮। ট্রাক  |  |

সে সাথে ১৯ মার্চ ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ হতে ২২ মার্চ ২০২০ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বি প্রার্থী/ তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/ বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/ বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা- কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি সেবা কাজ যেমন- এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহৃত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

উপপরিচালক (এনফোর্সমেন্ট)

বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

ফোন: ৫৫০৪০৭১৪